যুগান্তর

তারিখ 16 JAN 2015
পৃষ্ঠা ৭ কলাম ৩

# ২০ জানুয়ারির মধ্যে ফেরত না দিলে ম্যানেজিং কমিটি বাতিল

## এসএসসিতে বাড়তি ফি ফেরতে পরিপত্র

যুগান্তর রিপোর্ট

এবারের এসএসসি পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে নেয়া অতিরিক্ত অর্থ ২০ জানুয়ারির মধ্যে ফেরত দিতে নতুন করে নির্দেশনা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এর আগে গত ৬ জানুয়ারি হাইকোর্ট অতিরিক্ত অর্থ নেয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এই নির্দেশনা দিয়েছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দায়িত্বশীল কর্মকর্তা জানান, বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো.সাইফুর রহমানের বেঞ্চ শিক্ষা বোর্ড নির্ধারিত ফি ছাড়াও শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া অতিরিক্ত অর্থ ২০ জানুয়ারির মধ্যে ফেরতের নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট। হাইকোর্টের ওই লিখিত নির্দেশনা বিবাদী হিসেবে শিক্ষা মন্ত্রণালয় পেয়েছে। এরপরই আদেশ বাস্তবায়নের জন্য অতিরিক্ত ফি নেয়া প্রতিষ্ঠানগুলোকে তা ফেরত দিতে নির্দেশনা পরিপত্র আকারে জারি করা হয়েছে। এ কর্মকর্তা জানান, সারা দেশে মাধ্যমিক পর্যায়ের প্রায় ১৮ হাজার প্রতিষ্ঠান রয়েছে। আদালতের নির্দেশনা সব প্রতিষ্ঠানের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান স্বাক্ষরিত এ পরিপত্রে বলা হয়— যদি তা ফেরত দেয়া না হয়, তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি (এসএমসি) বাতিল বলে গণ্য হবে। এছাড়া এ কমিটির সদস্যরা পরবর্তী ৩ বছরের জন্য কমিটির সদস্য হতে পারবেন না। উল্লেখ্য, গত ৬ জানুয়ারি আদালত ওই আদেশে বলেন, 'আদালত মনে করেন যে, শিক্ষা সচিব ও ১০ বোর্ডের চেয়ারম্যান এই মর্মে আদেশ জারি করেন যে, সমগ্র বাংলাদেশে যেসব বিদ্যালয় এসএসসি পরীক্ষায় সরকার নির্ধারিত ফি এবং আইনত আদায়যোগ্য ফিবহির্ভূত বাড়তি ফি আদায় করেছে, সেসব ফি আগামী ২০ জানুয়ারির মধ্যে সব শিক্ষার্থীকে ফেরত প্রদান করবে।'